দৈনিক ইনকিলাব

তারিখ .. 20 JUN 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫

# শ্রেষ্ঠ শিক্ষকের 'স্বর্ণপদক'

**জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে যাঁরা প্রধানমন্ত্রীর 'স্বর্ণপদক' অর্জন করেছেন, তাঁদের সম্পূর্ণ তালিকা দৈনিক ইনকিলাবের 'শিক্ষা ও বিজ্ঞান' পাতায় প্রকাশিত হয়েছে। নিম্নে স্বর্ণপদকপ্রাপ্ত দু'জন 'শ্রেষ্ঠ মাদ্রাসা শিক্ষকের সংক্ষিপ্ত বিবরণ পত্রস্থ করা হল ঃ**



## মাওলানা যাইনুল আবেদীন

ঢাকা মিরহাজীরবাগস্থ তা'মিরুল মিল্লাত কামিল মাদ্রাসার অধ্যক্ষ আলহাজ্ব মাওলানা যাইনুল আবেদীন সাহেব শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৯৯৩ সালে অন্যতম 'শ্রেষ্ঠ শিক্ষক' হিসেবে 'স্বর্ণপদক' লাভ করেছেন। গত ৯ই জুন ওসমানী স্মৃতি মিলনায়তনে এক আড়ম্বরপূর্ণ পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার কাছ থেকে তিনি স্বর্ণপদক ও সনদপত্র গ্রহণ করেন।

দক্ষ প্রশাসক ও আদর্শ শিক্ষক হিসেবে তিনি ইতোমধ্যে ব্যাপক খ্যাতি ও সুপরিচিতি লাভ করেছেন। তিনি দুর্বাটি আলীয়া মাদ্রাসায় মুহাদ্দিস হিসেবে শিক্ষকতা পেশায় নিয়োজিত হন এবং পরে মুক্তাগাছা আব্বাসীয়া আলীয়া মাদ্রাসায় উপাধ্যক্ষ হিসেবে অত্যন্ত দক্ষতার সাথে দায়িত্ব পালন করে ছাত্র, অভিভাবক ও শিক্ষা প্রশাসনের আস্থা অর্জন করেন। তিনি সকলের দোয়া প্রার্থী।



## মাওলানা আবু হানিফা

জনাব মাওলানা আবু হানিফা জামালপুর জেলার মালঞ্চ আল আমিন জমিরিয়া আলিয়া কামিল মাদ্রাসার অধ্যক্ষ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জাতীয় পর্যায়ে অন্যতম শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত হয়ে প্রধানমন্ত্রীর স্বর্ণপদক লাভ করেছেন।

তিনি ছাত্র জীবনেও মেধা ও কৃতিত্বের অধিকারী ছিলেন। তিনি একাডেমিকভাবে বিএ অনার্স, এমএ (বাংলা) ও এমএম ফার্স্টক্লাস ডিগ্রী অর্জন করেন। মাওলানা আবু হানিফা ইতিপূর্বে ২২ বছর যাবত সিরাজগঞ্জ হাজী আহমদ আলী আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ ও পাবনা আলিয়া মাদ্রাসার অধ্যাপক

হিসেবে দায়িত্ব পালনকালেও অনেক জাতীয় পুরস্কার অর্জন করেন। মাওলানা আবু হানিফা পাবনা জেলার সাঁথিয়া থানার আমোষ গ্রামের মরহুম আছিরউদ্দিনের জ্যেষ্ঠ পুত্র। তিনি সকলের দোয়া প্রার্থী।